

বুয়েটের বঙ্গমাতা হলের নতুন নাম ‘স্বাধীনতা হল’, পরিবর্তন ঢাবির  
বঙ্গবন্ধু হলের নামও



লোগো

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ০৭ ফেব্রুয়ারি ২০২৫ | ১১:০১



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ‘বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব’ হলের নাম পরিবর্তন করে ‘স্বাধীনতা হল’ করা হয়েছে।

গত বুধবার বুয়েট সিডিকেটের ৫৪৯তম অধিবেশনে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৃহস্পতিবার রেজিস্ট্রার অধ্যাপক এন এম গোলাম জাকারিয়া স্বাক্ষরিত অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে।

গতকাল বুয়েটের কেন্দ্রীয় গ্রন্থাগারের নাম পরিবর্তন করে ‘শহীদ আবরার ফাহাদ লাইব্রেরি’ নির্ধারণ করেন শিক্ষার্থীরা। এ ছাড়া ইসিই ভবনের নামফলক থেকে শেখ হাসিনার নাম মুছে দিয়েছেন শিক্ষার্থীরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের’ ফলক ভেঙে ‘জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হল’ নামে ব্যানার টাঙানো হয়। অমর একুশে হল ও বিজয় একাত্তর হলের নামফলকে থাকা শেখ হাসিনার নাম মুছে দেন শিক্ষার্থীরা।